রপ্তানি বৃদ্ধি জাতির সমৃদ্ধি

# রপ্তানি উন্নয়ন ব্যুরো
# EXPORT PROMOTION BUREAU

Export Promotion Bureau
Bangladesh

নং- ২৬.০২.০০০০.০৩১.৫৮.২৬৫.১৫ ৯৮৭ ০৮ তারিখঃ ১৬-০৪-২০১৯ খ্রিঃ

বিষয়ঃ লেবাননে অনুষ্ঠিতব্য একক বাণিজ্য মেলা -২০১৯ এর সংশোধিত নোটিশ ।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী এপ্রিল ২৪-২৭ এপ্রিল,২০১৯ সময়ে বৈরুত, লেবাননে প্রস্তাবিত একক দেশীয় বাণিজ্য মেলাটি আগামী ১৩-১৬ জুন ,২০১৯ সময়ে পুনঃনির্ধারণ করা হয়েছে । এ সংক্রান্তে দূতাবাস হতে প্রেরিত পত্র এ সংগে সংযুক্ত করা হ'ল ( পত্র সংযুক্ত )।

০২। এমতাবস্থায়, আগামী ১৩-১৬ জুন , ২০১৯ সময়ে লেবানন , বৈরুতস্থ বাংলাদেশ দূতাবাস এর উদ্যোগে বৈরুত , লেবাননে আয়োজিতব্য বাংলাদেশী পণ্যের একক বাণিজ্য মেলা -২০১৯ এ অংশগ্রহণে আগ্রহী সকলকে আগামী ৩০ এপ্রিল ,২০১৯ তারিখের মধ্যে আবেদন পত্র পূরণপূর্বক প্রয়োজনীয় ডকুমেন্টসহ (আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে www.epb.gov.bd) রপ্তানি উন্নয়ন ব্যুরোর মেলা ও প্রদর্শনী বিভাগে দাখিল করার জন্য অনুরোধ জানানো হ'ল ।

১৬/০৪/২০১৯

(আবু মোখলেছ আলমগীর হোসেন)
উপপরিচালক (মেলা)
টেলিফোনঃ ৮৮-০২-৮১৮০০৪৮
ই-মেইলঃ amahepb75@gmail.com

বিতরন: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

৩৪। ব্যবস্থাপনা পরিচালক , এসএমই ফাউন্ডেশন , রয়েল টাওয়ার , পান্থপথ , ঢাকা ।
৩৬। Executive Director, Jute Diversification Promotion Centre, 145 Monipur Para, Tejgaon, Dhaka.
৩৭। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (৬০, মতিঝিল সি/এ, ঢাকা । ইমেইল-fbcci@bol-online.com
৩৮। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬৫-৬৬, মতিঝিল সি/এ, ঢাকা, মতিঝিল সি/এ ঢাকা। ফোন: ৯৫৫২৮০৮, ৯৫৫২৫৬২, ইমেইল-info@dhakachamber.com
৩৯। সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, ১২২-১২৪, মতিঝিল সি/এ, ঢাকা। ফোন: ৯৫৬৫২০৮, ফ্যাক্স: ৯৫৬৫২১১ ই-মেইল: info@mccibd.org
৪০। সভাপতি, বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ (বিসিসিআই) বিল্ডিং (৪র্থ তলা) ৩০/৩১ দিলকুশা, সি/এ ঢাকা। ফোন : ৯৫৫১৬৬৯ ফ্যাক্স : ৯৫৬৪১৭০। ই-মেইলঃ bci@bdcom.com
৪১। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স (৩য় তলা), ২৩/১, পান্থপথ লিংক রোড, ঢাকা। ফোন: ৮১১৫৫৯৭, ৮১১৫৭৫১, ৮১২২১১৯ ফ্যাক্স: ৮১১৩৯৫১, ৮১১৫৭৩৯, ই-মেইল: info@bgmea.com
৪২। সভাপতি, ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সুবাস্তু টাওয়ার (৭ম তলা), ৬৯/১, পান্থপথ, ঢাকা-১২০৫। ফ্যাক্স: ৮৬১১০২৭, ইমেইল-iccb@bdmail.net, info@icc-bd.org
৪৩। সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ই-মেইল: info@bkmea.com
৪৪। সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়েল লিনেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোঃ, পল্টন টাওয়ার , ৮৭ পুরানা পল্টন লেন (সাউথইষ্ট কর্নার), ঢাকা-১০০০। E-mail: info@bttlmea.com
৪৫। সভাপতি, বাংলাদেশ ফিনিসড লেদার, লেদার গুডস্ এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন, হাউজ নং- ৩২/এ, রোড নং ২, ফ্লাট বি-২, ধানমন্ডি আ/এ, ঢাকা। ই-মেইল: bfllfea58@yahoo.com, bfllfea55@yahoo.com
৪৬। সভাপতি, বাংলাদেশ জুট গুডস্ এসোসিয়েশন, , ৩/১২ নয়াপল্টন, কালভার্ট রোড, ঢাকা। ফোন: ৯৫৫০৬১৪, ফ্যাক্স: ৯৩৪৮৬৯২, ই-মেইল: bjga@agni.net
৪৭। সভাপতি,বাংলাক্রাফ্ট, ৭-৯, কাওরান বাজার, বিটিএমসি ভবন, ঢাকা। ফোন: ৯১১১০৯০, ই-মেইল: banglacraftbd@gmail.com
৪৮। সভাপতি, ওমেন এন্টারপ্রেনিয়ার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, এ্যাংকর টাওয়ার (১১ তলা) ১/১, বি সোনারগাঁও রোড, ঢাকা। E-mail: info@weab.org
৪৯। সভাপতি, লেদার গুডস্ এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ১৮, কামাল আতাতুর্ক এভিনিউ, ইরেক্টরস্ হাউজ (১০ম তলা) বনানী বা/এ, ঢাকা। E-mail: blmea@banglamall.net, info@lfmea.org
৫০। সভাপতি, বাংলাদেশ এগ্রো-প্রসেসর এসোসিয়েশন (বাপা), মহাখা, ফ্লাট নং-৯/ডি, বাড়ি নং-৩৯, রোড নং-১১ (নতুন), ধানমন্ডি, ঢাকা, বাংলাদেশ। E-mail: info@bapabd.org
৫১। সভাপতি, বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন, ৫৫, এ পুরানা পল্টন (৪র্থ তলা), ঢাকা, বাংলাদেশ। E-mail: bjsa-bd@yahoo.com
৫২। সভাপতি, বাংলাদেশ জুট এক্সপোর্টার্স এসোসিয়েশন, ৬৪, মতিঝিল বা/এ, ঢাকা, বাংলাদেশ। ফোন ০৪ ৯৫৫২২৬৮, ফ্যাক্সঃ ৯৫৬০৩৯৮
৫৩। সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, বাড়ি নং-৫১, রোড নং-৪, ব্লক-এফ, বনানী, ঢাকা-১২১৩,। ৮৮১৬৭৬৭ Email: info@bapi-bd.com
৫৪। সভাপতি, বাংলাদেশ সিরামিক ম্যানুফ্যাকসারর্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, টিএমসিভবন (৯ম তলা), ৫২/১ নিউ ইস্কাটন রোড (৪র্থ তলা), ঢাকা, বাংলাদেশ। ফোন ০৪ ৮৩১৯৯৮৯, E-mail: bcmeabd@gmail.com

D:\Letter Bangla\Letter Bang nikosh-1.doc

বাংলাদেশ দূতাবাস
বৈরুত, লেবানন
Embassy of Bangladesh
Beirut, Lebanon

**Ambassador**

নং-বিইবি/বাণিজ্যওবিনিয়োগ/২০১৭/ ৪০

১০ এপ্রিল ২০১৯খ্রি:

**বিষয়: লেবাননে বাংলাদেশের "একক বাণিজ্য মেলা" আয়োজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আমাদের বিগত ২২ ফেব্রুয়ারী ২০১৯ তারিখের সমসংখ্যক পত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি অবগত আছেন যে, ভূমধ্যসাগরের তীরে নৈসর্গিক সৌন্দর্যে ভরপুর পৃথিবীর অন্যতম উন্নয়নশীল দেশ মধ্যপ্রাচ্যের লেবানন। এ দেশের জনসংখ্যা প্রায় ৫ মিলিয়ন এবং প্রবাসী জনসংখ্যা প্রায় ১৫ মিলিয়ন। এ বিশাল জনসংখ্যা ইউরোপ, আমেরিকাসহ বিশ্বের বিভিন্ন দেশে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। তাদের অধিকাংশ ব্যবসা ও বিনিয়োগ কাজে নিয়োজিত রয়েছে। ব্যবসায়িক সহজতা সূচক (Easy of doing business) অনুসারে লেবাননের অবস্থান ৫৭তম (২০১৭) যা অনেক দেশের চেয়ে ভালো। ২০১৮ সালের তথ্য অনুযায়ী জিডিপি'র পরিমাণ ৫৪.১ বিলিয়ন ডলার। দেশটি বিশ্বের বিভিন্ন দেশ হতে পেট্রোলিয়াম জাতীয় পদার্থ, গাড়ী, ঔষধ, টেক্সটাইলসহ বিভিন্ন ভোগ্যপণ্য আমদানী করে থাকে। ২০১৮ সালে এর পরিমাণ ছিল ১৯.৯৮ বিলিয়ন মার্কিন ডলার যার বেশির ভাগ আমদানী হয় ইউরোপ এবং মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশ হতে।

০২। দেশটি আকারে ছোট হলেও উচ্চ ক্রয় ক্ষমতা এবং বিশাল ব্যবসায়ী ও ধনিক শ্রেণীর উপস্থিতির কারণে লেবাননের সাথে বাংলাদেশের ব্যবসা ও বিনিয়োগের প্রচুর সম্ভাবনা রয়েছে। এ সম্ভাবনাকে কাজে লাগানোর জন্য দূতাবাস নিরলস কাজ করে যাচ্ছে। দূতাবাসের অভিজ্ঞতা ও লেবাননের বাস্তবতায় দেখা যায়, লেবাননে বাংলাদেশের বিভিন্ন পণ্য বিশেষ করে গার্মেন্টস, হোম টেক্সটাইল, ঔষধ, প্লাষ্টিক, সেনেটারি পণ্য, চামড়াজাত পণ্য, জুতা, কাগজ, সিরামিক পণ্য, হালকা প্রকৌশল পণ্যসহ দেশে উৎপাদিত বিভিন্ন পণ্য রপ্তানী করার বিশাল সুযোগ রয়েছে। লেবানন থেকে বিনিয়োগের সম্ভাবনাও প্রচুর। ইতোমধ্যে বেশ কিছু বিনিয়োগকারী বাংলাদেশে বিনিয়োগ করেছে এবং বিনিয়োগ সংক্রান্ত একাধিক নতুন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। তাছাড়া নতুন নতুন ব্যবসায়ীরা প্রতি মাসেই ব্যবসায়িক কারণে বাংলাদেশে যাচ্ছে। লেবাননে বিদ্যমান সুযোগ কাজে লাগিয়ে লেবাননে বাংলাদেশী পণ্যের বাজার সম্প্রসারণের লক্ষ্যে বৈরুতস্থ বাংলাদেশ দূতাবাস স্থানীয় একটি ৪ তারকা হোটেলে ৪ দিনব্যাপী "একক বাণিজ্য মেলা" আয়োজন করতে যাচ্ছে। বাণিজ্য মেলাটি আগামী ১৩-১৬ জুন ২০১৯ অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বাণিজ্য মেলাটি একটি সেমিনারের মাধ্যমে উদ্বোধন করা হবে যেখানে ১০০-১৫০ জন ব্যবসায়ী ও বিনিয়োগকারী অংশ গ্রহণ করবে বলে আশা করা যাচ্ছে।

০৩। মেলা আয়োজনের লক্ষ্যে লেবাননস্থ একটি বেসরকারী সংস্থার সাথে দূতাবাস ইতোমধ্যে বিস্তারিত আলোচনা করেছে। এ বিষয়ে রাষ্ট্রদূত মহোদয় লেবাননের অর্থ ও বাণিজ্য বিষয়ক মন্ত্রীর সাথে ইতোমধ্যে সাক্ষাৎ করে উক্ত বাণিজ্য মেলা আয়োজনের জন্য তাঁর মন্ত্রণালয়ের সাহায্য কামনা করেছেন। মন্ত্রী মহোদয় সকল প্রকার সাহায্য করতে সম্মত হয়েছেন।

০৪। এমতাবস্থায় বর্ণিত 'একক বাণিজ্য মেলায় অংশগ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠানের নামের তালিকাসহ উক্ত মেলার সফল আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। উক্ত সেমিনারে বাংলাদেশের ব্যবসা ও বিনিয়োগ সম্ভাবনার উপর প্রেজেন্টেশন করা ও লেবাননে বাংলাদেশী পণ্যের বাজার সম্প্রসারনের লক্ষ্যে একটি উচ্চ পর্যায়ের সরকারী প্রতিনিধিদল প্রেরণ করার জন্যেও আপনাকে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, প্রস্তাবিত মেলাটি সফলভাবে আয়োজন সম্ভব হলে এটি লেবাননে বাংলাদেশী পণ্যের বাজার সৃষ্টিতে এক মাইল ফলক হয়ে থাকবে বলে আমাদের বিশ্বাস।

সালাম ও শ্রদ্ধান্তে,

আপনার একান্ত,

( আবদুল মো[illegible]লেব সরকার )

ই-মেইলঃ beirutmission@gmail.com

জনাব বিজয় ভট্টাচার্য্য
ভাইস চেয়ারম্যান
বাংলাদেশ রপ্তানী উন্নয়ন ব্যুরো
কাওরান বাজার, ঢাকা